# APA 2021-22 এর আওতায় প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত প্রশিক্ষণ

প্রশিক্ষণের বিষয়ঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন (মন্তিপরিষদ বিভাগ) সম্পর্কিত প্রশিক্ষণ ও অনুশীলন।
সময়ঃ সকাল ০৯:১৫ ঘটিকা হতে দুপুর ১:১৫ ঘটিকা পর্যন্ত (০৪ ঘন্টা ব্যাপী)
তারিখঃ ০৭/০৮/২০২২ খ্রি:

**প্রশিক্ষণের সারাংশ:**

(ক) সংশ্লিষ্ট বিষয়ের অন্তর্ভূক্ত অংশঃ সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিসের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ সেকশন-৩, ক.৪.২ কর্মচারীদের সক্ষমতার উন্নয়ন কার্যক্রমের আওতায় আজকের প্রশিক্ষণটি সম্পন্ন হচ্ছে বলে প্রশিক্ষণার্থীদের জানান। তিনি উল্লেখ করেন যে, অত্র প্রশিক্ষণটির PPT টি সিলেট জেলা প্রশাসক কার্যালয় হতে পাওয়া গেছে যা মূলতঃ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত। তিনি জানান যে, PPT টি বর্তমান প্রশিক্ষণের জন্য সামান্য Edit করে ব্যবহার উপযোগী করা হয়েছে। PPT টি সিলেট আঞ্চলিক অফিসের তথ্য বাতায়নভুক্ত ওয়েবসাইটের 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি' সেবাবক্সের APA প্রশিক্ষণসমূহ লিংকে আপলোড করা আছে। অতঃপর তিনি PPT টির মাধ্যমে কর্মসম্পাদন ও কর্মসম্পাদন ব্যবস্থাপনার ধারণা; কর্মসম্পাদন চুক্তির প্রেক্ষাপট, উদ্দেশ্য ও গুরুত্ব; APA প্রণয়ন; APA বাস্তবায়ন পরিবীক্ষণ; APA মূল্যায়ন; APA বাস্তবায়নে চ্যালেঞ্জসমূহ এবং সর্বশেষ APA বিষয়ে ভবিষ্যৎ করণীয় ও চেকলিস্ট বিষয়ে বিশদ আলোচনা করেন। তিনি প্রশিক্ষণার্থীদের জানান যে, উপকারভোগীদের সন্তুষ্টির জন্যই APA প্রণয়ন করা হয়েছে। APA সরকারি কর্মকর্তা/কর্মচারীদের আচরণ ও কাজকর্মে জবাবদিহিতা নিশ্চিত করে। APA ধীরে ধীরে এসিআর সিস্টেমকে প্রতিস্থাপন করবে এবং এটাই বর্তমান সরকারের লক্ষ্য। APA'র সূচক অর্জনে সকলকে সচেষ্ট হতে হবে এবং এর জন্যই চুক্তিটি মাঠপর্যায়ে হতে একেবারে সর্বোচ্চ পর্যায়ে করা হয়ে থাকে বলে প্রশিক্ষণার্থীদের জানান। তিনি APA এর নম্বর পদ্ধতি নিয়েও আলোচনা করেন। APA শুদ্ধাচার, ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, তথ্য অধিকার ইত্যাদি গুরুত্বপূর্ণ সকল বিষয় কভার করেছে বলে জানান। অতঃপর তিনি প্রশিক্ষণার্থীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন।

(খ) প্রশিক্ষণার্থীদের মতামত/প্রতিক্রিয়াঃ এ প্রশিক্ষনের মাধ্যমে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বিষয়ে কিছুটা ধারনা পাওয়া গিয়েছে এবং এটি ভবিষ্যতে অফিসিয়াল সংক্রান্ত কাজে লক্ষ্য অর্জনে সহায়ক হবে।

(গ) শাখা প্রধানের বক্তব্যঃ এ ট্রেনিং এর মাধ্যমে সকলেই সিলেট আঞ্চলিক অফিসের APA 2022-23 কিভাবে তৈরী হলো এবং তা কিভাবে অর্জন করা যেতে পারে সে সম্পর্কে প্রাথমিক ধারণা লাভ করেন।

Shaheen Ahmed
07/08/2022

(শাহীন আহম্মেদ)
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক অফিস, সিলেট

# APA 2021-22 এর আওতায় প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত প্রশিক্ষণ

প্রশিক্ষণের বিষয়ঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন (মন্ত্রিপরিষদ বিভাগ) সম্পর্কিত প্রশিক্ষণ ও অনুশীলন।

সময়ঃ সকাল ০৯:১৫ ঘটিকা হতে দুপুর ১:১৫ ঘটিকা পর্যন্ত (০৪ ঘন্টা ব্যাপী)

তারিখঃ ০৭/০৮/২০২২ খ্রি:

প্রশিক্ষণ প্রদানকারীর নাম ও পদবী: জনাব শাহীন আহম্মেদ, সিনিয়র প্ল্যানার

| ক্র. নং | নাম | পদবী | প্রশিক্ষণার্থীর স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১। | জনাব বাদশা মিয়া | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | বাদশা মিয়া 07/08/2022 |
| ২। | জনাব মোঃ নূরুজ্জামান ভূইয়া | রেখাকার | [signature] 07-08-2022 |
| ৩। | জনাব মোঃ রুবেল হোসেন | সার্ভেয়ার | [signature] 07/08/2022 |
| ৪। | জনাব আমির হামজা | খালাসী | আমির ০৭/০৮/২০২২ |

Shaheen Ahmed 07/08/2022

(শাহীন আহম্মেদ)
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক অফিস, সিলেট